চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

সিআইএমসিএইচ ও সিআইডিসিএইচ এর সেবাপক্ষ-২০১৯ ও শিশু বিভাগ উদ্বোধন

এনআইসিইউর সেবায় উপকৃত হবে

বৃহত্তর চট্টগ্রামের মৃত্যুপথযাত্রী শিশুরা-সিটি মেয়র

চট্টগ্রাম-০৪ মার্চ-২০১৯ ইংরেজী।

বাণিজ্যিক রাজধানী চট্টগ্রামের প্রায় অর্ধ কোটি মানুষের সহজলভ্য স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতাল (সিআইএমসিএইচ) ও ডেন্টাল কলেজ হাসপাতালের (সিআইডিসিএইচ) ডাক্তারসহ সংশ্লিষ্ঠদের প্রতি আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন। তিনি আজ সোমবার সকালে চান্দগাঁওস্থ শমসের পাড়ায় অবস্থিত চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ এর সেবাপক্ষ-২০১৯ও শিশু বিভাগ (এনআইসিইউ) উদ্বোধন উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। সিআইএমসিএইচ ও সিআইডিসিএইচ এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড.কাজী দ্বীন মুহাম্মদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিএমএ এর সাধারণ সম্পাদক ডাক্তার ফয়সল ইকবাল,স্থানীয় কাউন্সিলর সাইফুদ্দিন খালেদ সাইফু বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সিআইএমসিএইচ ও সিআইডিসিএইচ এর অধ্যক্ষ প্রফেসর আমির হোসেন স্বাগত বক্তব্য রাখেন। মঞ্চে সিআইডিসি-র অধ্যক্ষ প্রফেসর ডাক্তার মুসলিম উদ্দিন সবুজ,ট্রেজেরার মুহাম্মদ নুরুল্লাহ,মুহাম্মদ জিয়াউর রহমান,ডাক্তার এ.এম.এস রফিক,ডাক্তার শাহেকুল জাব্বার ও মুহাম্মদ ইসহাক উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানে ডীন,শিক্ষক-শিক্ষিকাবৃন্দসহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। মেয়র বলেন চান্দগাঁও এলাকা সহ উত্তর চট্টগ্রামের জনসাধারনের স্বাস্থ্য সচেতনতায় এই প্রতিষ্ঠান ব্যাপক প্রভাব ফেলবে। সরকারের পাশাপাশি বেসরকারি মেডিকেল ও ডেন্টাল হাসপাতাল সমুহ দেশের স্বাস্থ্যখাতে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। কম খরচে এখানকার এনআইসিইউর সেবায়উপকৃত হবে বৃহত্তর চট্টগ্রামের মৃত্যুপথযাত্রী শিশুরা। তিনি বলেন, স্বাস্থ্যসেবা একটি মহান কাজ। এই হাসপাতালের মাধ্যমে নগরবাসীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব হবে। তিনি বলেন চান্দগাঁও কর্পোরেশনের অধিভুক্ত এলাকা । বিগত সময়ে এর কোনো উন্নয়ন হয়নি। গত সাড়ে তিন বছরের অবকাঠামোগত উন্নয়নে এলাকায় ৭৭ কোটি টাকা ব্যয় করা হয়েছে। অবশিষ্ট বাকী কাজ গুলো এবছরেই সম্পন্ন হবে। এই প্রসংগে মেয়র বলেন চান্দগাঁও ওয়ার্ডটি উন্নয়নে যেমন অবহেলিত ছিল। তেমনি এই ওয়ার্ডের মানুষ অসহায়,দরিদ্র। তারা বিভিন্ন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত ছিল। এখানে সিআইএমসিএইচ ও সিআইডিসিএইচ এর মতো আধুনিক সুযোগ সুবিধা সমন্বিত হাসপাতাল প্রতিষ্ঠার জন্য হাসপাতাল উদ্যোক্তাদের অভিনন্দন জানিয়ে মেয়র এই শহরতলী ওয়ার্ডের অসহায়, দরিদ্র ও সুবিধা বঞ্চিত সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার পাশাপাশি যোগ্য, দক্ষ ও মানবিক মুল্যবোধ সম্পন্ন ডাক্তার তৈরীতে চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ ও হাসপাতাল ও ডেন্টাল কলেজ ও হাসপাতাল অনন্য ভুমিকা পালন করবে মেয়র আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন নগরবাসীর স্বাস্থ্য সেবা প্রদানই হোক এই প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্য। মুনাফা লাভের চাইতে মানুষের স্বাস্থ্য সেবাকে অগ্রাধিকার দিয়ে নিম্ন,মধ্যমিক ও সুবিধা বঞ্চিত মানুষের সেবা কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য সিআইএমসিএইচ ও সিআইডিসিএইচ এর ট্রাষ্টিবোর্ড,ডাক্তার,নার্সসহ সংশ্লিষ্টদের প্রতি আহবান জানান মেয়র। এই প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে মেয়র তাঁর পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।

সিআইএমসিএইচ ও সিআইডিসিএইচ এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড.কাজী দ্বীন মুহাম্মদ বলেন এই প্রতিষ্ঠানে পর্যাপ্ত সংখ্যক লেকচার হল সহ টিউটেরিয়াল ক্লাসরুম, ল্যাব আইটি,আধুনিক লাইব্রেরীসহ যাবতীয় শিক্ষার উপকরন বিদ্যমান। যাতে ছাত্র-ছাত্রীরা একজন চিকিৎসক ছাড়াও একজন নীতিবান মানুষ হিসেবে গড়ে উঠতে পারে। তিনি বলেন সিআইএমসিএইচ হাসপাতাল ২৫০ শয্যা বিশিষ্ট এবং সিআইডিসিএইচ হাসপাতাল ৬০ ডেন্টাল ইউনিটসহ পর্যাপ্ত সংখ্যক বিশেষজ্ঞ চিকিৎসব দ্বারা চিকিৎসা শিক্ষা কার্যক্রম এর পাশাপাশি স্বাস্থ্য সেবা প্রদান করে আসছে। প্রতি বৎসর চান্দগাঁও এলাকার কয়েক হাজার জনগণকে অত্যন্ত স্বল্প মূল্যে বিভিন্ন সার্জারী সহ সকল প্রকার বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা চিকিৎসা সেবা, প্যাথলজিক্যাল পরীক্ষা, ঠিকাদান, ব্লাড গ্রুপ ইত্যাদি সেবা প্রদান করা হয়। কলেজে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিষয়ে ড. দ্বীন মুহাম্মদ বলেন এই প্রতিষ্ঠান জন্মলগ্ন থেকেই সরকারী নিয়ম

অনুসারে অত্যন্ত স্বচ্ছতার সাথে ছাত্র-ছাত্রী ভর্তি করে আসছে। এমনকি এমবিবিএস ১ম প্রফেশনাল পরীক্ষায় একমাত্র বেসরকারী মেডিকেল কলেজের মেধা তালিকায় স্থান সহ উল্লেখযোগ্য সংখ্যক অনার্স লাভ করেছে এই প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।এ প্রতিষ্ঠানের উত্তোরত্তর সমৃদ্ধির জন্য সকল মহলের সহযেগিতা কামনা করেন। সিআইএমসিএইচ ও সিআইডিসিএইচ এর ৯ম তলায় ফলক উম্মোচন করে শিশু বিভাগের কার্যক্রম উদ্বোধন করেন। এই শিশুবিভাগে এসসিবিইউ ভেন্টিলেটর ওয়ার্মার,ফটো থেরাপী মেশিন সহ অত্যাধুনিক সেটাপ রয়েছে।

প্রেস বিজ্ঞপ্তি

চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম-০৪ মার্চ-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সিটি ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ সোমবার সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইলকোর্ট পরিচালিত হয়। অভিযানকালে হালিশহরস্থ পোর্ট কানেকটিং রোডের বড় পোল এলাকায় রাস্তার জায়গা অবৈধভাবে দখল করে গড়ে উঠা প্রায় ৩০ টি ভাসমান দোকানপাট উচ্ছেদ করে রাস্তায় জায়গা অবৈধ দখলমুক্ত করা হয়।

অভিযানকালে সিটি কর্পোশেনের সংশ্লিস্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা প্রদান করেন।

প্রেস বিজ্ঞপ্তি

ওমেন কলেজের সামনে ৩ কোটি টাকা

ব্যয়ে নির্মিত হবে এ্যাসকেলেটার সহ ফুট ওভার ব্রিজ

চট্টগ্রাম-০৪ মার্চ-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সরকারি মহিলা কলেজের শিক্ষার্থী সহ সর্ব সাধারনের যাতায়াতের সুবিধার্থে এ্যাসকেলেটারসহ ফুট ওভার ব্রিজের নির্মাণের ঘোষনা দিলেন মেয়র। এই ব্রিজ নির্মাণের জন্য চসিকের ব্যয় ধরা হয়েছে ৩ কোটি টাকা। আজ সোমবার দুপুরে চট্টগ্রাম সরকারি মহিলা কলেজের বার্ষিক অন্ত:ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর পুরস্কার বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র এ ঘোষনা দেন। কলেজের অধ্যক্ষ প্রফেসর স্বপন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কলেজের উপাধ্যক্ষ প্রফেসর তাহমিনা আকতার নুর, চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখে। অনুষ্ঠানে প্রফেসর মুহাম্মদ জুবাইরুল ইসলাম মেহেরি, প্রফেসর জাহিদ মাহমুদ, প্রফেসর একরামুল হক, শিক্ষার্থী আনিকা বিশ্বাস বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন প্রফেসর ফেরদৌস আরা বেগম। মেয়র বলেন চট্টগ্রাম নগরীর জাকির হোসেন রোড একটি ব্যস্ততম সড়ক। নগরীতে এটিই যানবাহন প্রবেশ ও বের হওয়ার একমাত্র পথ। ফলে প্রতিনিয়ত লেগে থাকে যানজট। এতে মৃত্যুর ঝুঁকি নিয়ে এই প্রতিষ্ঠানের শিক্ষার্থী সহ সর্বসাধারনকে চলাচল করতে হয়। শিক্ষার্থী সহ সর্বসাধারনের দূর্ঘটনা এড়াতে এই প্রতিষ্ঠানের সামনে ৩ কোটি টাকা ব্যয়ে এ্যাসকেলেটারসহ ফুট ওভারব্রিজ নির্মাণ করবে চসিক। মেয়র বলেন মনের ভেতরে কু-সংস্কার, লোভ, হিংসা,আত্মকেন্দ্রিকতা ও আত্ম অহংকার, স্বার্থপরাতার মধ্যে ডুবে থাকা মানুষ কখনই সমাজের উপকারে আসে না। এই প্রসঙ্গে মেয়র বলেন শিক্ষার মূল উদ্দেশ্য হলো আত্মকেন্দ্রিকতা দুর করে আজকের শিশুকে আগামীর ভবিষ্যত রূপে গড়ে তোলা। মানুষের মনের ভিতর যে মনুষ্যত্যবোধ আছে সেটাকে জাগ্রত করা। শুধুমাত্র প্রাতিষ্ঠানিক ডিগ্রী অর্জণ করা শিক্ষার মূল উদ্দেশ্য হতে পারে না। তিনি বলেন আত্মকেন্দ্রীকতা ও স্বার্থপর চিন্তা ভাবনা সম্পন্ন মানুষ সমাজকে যন্ত্রণা ছাড়া কিছুই দিতে পারে না। তাই আজকের শিক্ষার্থীদের সু-শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে, যাতে তারা আগামীর আলোকিত রাষ্ট্র গঠন করতে পারে। আর শিক্ষা প্রতিষ্ঠান যদি সুনাগরিক ও মুল্যবোধ সম্পন্ন মানুষ গড়ে তুলতে পারে তবে দেশ ও জাতি উপকৃত হবে বলে তিনি উল্লেখ করেন। মেয়র আগামী প্রজন্মের সন্তানদের মাঝে মনুষ্যত্যবোধ জাগাতে মানবিক মূল্যবোধ বিষয়ে যথাযথ শিক্ষা দানের জন্য

শিক্ষক অভিভাবকদের প্রতি আহবান জানান মেয়র। পরে মেয়র ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

প্রেস বিজ্ঞপ্তি

সিটি মেয়রের সাথে জুবিলী রোড মার্চেন্টস্ এসোসিয়েশন এর

বক্কর-শহীদ-জসিম পরিষদ এর নেতৃবৃন্দের সাক্ষাত

চট্টগ্রাম-০৪ মার্চ-২০১৯ ইংরেজী।

জুবিলী রোড মার্চেন্টস্ এসোসিয়েশন এর বক্কর-শহীদ-জসিম পরিষদ এর নেতৃবৃন্দ আজ সোমবার সকালে চসিক নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় পরিষদের সভাপতি পদপ্রার্থী আবু বক্কর, সিনিয়র সহ সভপতি পদপ্রার্থী মো. শহীদুল ইসলাম, সাধারন সম্পাদক পদপ্রার্থী মির্জা মো. জসিম উদ্দিন চৌধুরী সহ প্যানেলের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। নেতৃবৃন্দ মেয়রকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে আগামী ৬ই মার্চ এসোসিয়েশন এর কার্য নির্বাহী কমিটির নির্বাচনে মেয়রের সহযোগিতা কামনা করেন। মেয়র ব্যবসায়ীদের সেবা ও কল্যানে কাজ করার জন্য জুবিলী রোড মার্চেন্টস্ এসোসিয়েশন নির্বাচনে সকলকে একযোগে কাজ করার আহবান জানান

চট্টগ্রাম-০৪ মার্চ-২০১৯ইংরেজী।

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপির রোগমুক্তি কামনায় চট্টগ্রামবাসীর দোয়া চেয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন। আজ সোমবার এক বিবৃতিতে তিনি বলেন, ওবায়দুল কাদের দলের নিবেদিত প্রান, চৌকষ ও কর্মীবান্ধব একজন নেতা। তার মতো নেতা দলের সম্পদ। মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে প্রার্থনা করি যেন তিনি দ্রুত সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসে।

প্রেস বিজ্ঞপ্তি

চসিক কর আদায়কারী মো. মহসিন

এর মৃত্যুতে সিটি মেয়রের শোক

চট্টগ্রাম-০৪ মার্চ-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-৮ এর কর আদায়কারী মো. মহসিন আজ সোমবার সকালে কর্মস্থলে যাওয়ার পথে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন) তাঁর বাড়ি চট্টগ্রামের পটিয়ায়। মৃত্যুকালে তিনি ৩ সন্তান স্ত্রী সহ বহুগূনাগ্রাহী রেখে গেছেন। এদিকে তাঁর মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। আজ সোমবার এক শোকবার্তায় তিনি মরহুমের বিদেহী আত্মার

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন